

শেখার অক্ষমতাগুলি কী?

ট্রিনিয়া কাউন্সিল, MS

শেখার পার্থক্য সম্পর্কে শিক্ষক এবং পরিবারবর্গকে, বিশেষজ্ঞ-পরীক্ষিত, প্রমাণ-ভিত্তিক সংস্থানগুলি প্রদান করতে আমরা Understood.org এর সাথে অংশীদারিত্ব করেছি।

এক নজরে

- শেখার অক্ষমতা হলো পাঠ, লেখা, ও গণিতের ক্ষেত্রে চ্যালেঞ্জের সম্মুখীন হওয়া।
- 5 থেকে 15 শতাংশ মানুষের শেখার অক্ষমতা রয়েছে।
- লোকজন শেখার অক্ষমতা দূর করতে পারে না, কিন্তু সাহায্য করার মতো কিছু কৌশল ও সহায়তা রয়েছে।

শেখার অক্ষমতা হলো পাঠ, লেখা, ও গণিতের ক্ষেত্রে আজীবনের জন্য চ্যালেঞ্জের সম্মুখীন হওয়া। এগুলো স্কুলে, কর্মস্থলে, এবং প্রাত্যহিক জীবনে লোকজনকে প্রভাবিত করতে পারে।

5 থেকে 15 শতাংশ মানুষের শেখার অক্ষমতা রয়েছে। কিছু ব্যক্তি কেবল একটি ক্ষেত্রে সমস্যার সম্মুখীন হন। কিন্তু একটির বেশি ক্ষেত্রে সমস্যার সম্মুখীন হওয়া একটি সাধারণ ব্যাপার।

জৈবিক পার্থক্যের কারণে শেখার অক্ষমতা দেখা দিয়ে থাকে। গবেষণায় দেখা গেছে যে শেখার অক্ষমতা রয়েছে এমন ব্যক্তিদের মস্তিষ্কের কাঠামো ও কার্যকলাপ ভিন্ন হয়ে থাকে। বংশপরম্পরাও একটি ভূমিকা পালন করে থাকে। শেখার অক্ষমতা পারিবারিকভাবে অব্যাহত থাকে।

শেখার অক্ষমতা একটি বাস্তব বিষয়। যাদের এই সমস্যা রয়েছে তারা “কেবল অলস” নন। এবং শেখার অক্ষমতা বুদ্ধিমত্তার সাথে সম্পর্কিত নয়।

আপনি শেখার বৈকল্য অথবা সুনির্দিষ্ট শেখার অক্ষমতার কথা শুনে থাকতে পারেন। এছাড়াও আপনি শেখার অক্ষমতার সুনির্দিষ্ট ধরন বুঝানোর জন্য ব্যবহৃত পরিভাষাগুলো, যেমন ডিসলেক্সিয়া বা ডিসক্যালকুলিয়া, ইত্যাদি শুনে থাকতে পারেন।

লোকজন অধিকাংশ শেখার অক্ষমতা দূর করতে পারে না। কিন্তু শেখার অক্ষমতা রয়েছে এমন ব্যক্তিদেরকে সাফল্য লাভ করতে সাহায্য করতে পারে এমন কিছু কৌশল, সহায়তা, ও শিক্ষাদানের প্রচেষ্টা বিদ্যমান রয়েছে।

শেখার অক্ষমতার লক্ষণসমূহ

লক্ষণগুলো শেখার অক্ষমতা কী তার উপর নির্ভর করে। বিভিন্ন বয়সে এবং বিভিন্ন লোকজনের ক্ষেত্রে লক্ষণগুলো দেখতে বিভিন্ন রকম হতে পারে। এবং সবার অসুবিধার মাত্রা একই হয় না।

এছাড়া আপনি হয়তো এমন লক্ষণও দেখবেন যেগুলো দক্ষতার সাথে সরাসরি সম্পর্কিত নয়। শেখার অক্ষমতা রয়েছে এমন ব্যক্তিদের দুশ্চিন্তা করা বা আত্মবিশ্বাস কমে যাওয়ার সম্ভাবনা বেশি থাকে। শিশুরা স্কুলে বা বাড়িতে বিভিন্ন আচরণের মাধ্যমে তাদের চ্যালেঞ্জগুলো ঢেকে রাখার চেষ্টা করতে পারে। এবং সব বয়সের লোকজন যেসব কাজ নিয়ে সমস্যার সম্মুখীন হন সেগুলো এড়িয়ে চলতে পারেন।

- ডিসলেক্সিয়ার লক্ষণসমূহ সম্পর্কে জানুন।
- ডিসক্যালকুলিয়ার লক্ষণসমূহ সম্পর্কে জানুন।
- লিখিত প্রকাশভঙ্গী বৈকল্যের লক্ষণসমূহ সম্পর্কে জানুন।

শেখার অক্ষমতার কারণসমূহ

ঠিক কোন কারণে শেখার অক্ষমতা দেখা দেয় তা গবেষকদের জানা নেই। কিন্তু তারা এটা জানেন যে জিন ও মস্তিষ্কের পার্থক্য একটি ভূমিকা পালন করে।

শেখার অক্ষমতা পারিবারিকভাবে অব্যাহত থাকে। বাবা-মা বা ভাই-বোনের মধ্যে শেখার অক্ষমতা থাকলে কোনো ব্যক্তির শেখার অক্ষমতা থাকার সম্ভাবনা 4 থেকে 10 গুণ বেড়ে যায়। গবেষকরা একাধিক জিন শনাক্ত করেছেন যাদের এক্ষেত্রে ভূমিকা রয়েছে।

ব্রেইন ইমেজিং অধ্যয়ন সম্পর্কে আরো জানুন যেখানে যেসব ব্যক্তির শেখার অক্ষমতা আছে এবং যাদের নেই তাদের মস্তিষ্কের পার্থক্য দেখানো হয়েছে।

কীভাবে শেখার অক্ষমতা নির্ণয় করা হয়

কোনো ব্যক্তির শেখার অক্ষমতা রয়েছে বলে নিশ্চিত হওয়ার একমাত্র উপায় হল একটি মূল্যায়ন সম্পন্ন করা। এগুলো স্কুলে বা ব্যক্তিগতভাবে সম্পন্ন করা যায়।

কয়েক ধরনের পেশাজীবী রয়েছেন যারা লোকজনের শেখার অক্ষমতা রয়েছে কিনা তা মূল্যায়ন করতে পারেন। এদের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছেন স্কুল সাইকোলজিস্ট, ক্লিনিক্যাল সাইকোলজিস্ট এবং নিউরোসাইকোলজিস্ট।

একটি মূল্যায়নে পাঠ, লেখা, ও গণিতের দক্ষতার সুনির্দিষ্ট শক্তিশালী দিক এবং চ্যালেঞ্জগুলো দেখা হবে।

শেখার অক্ষমতার [মূল্যায়নসমূহ](#) সম্পর্কে আরো জানুন।

পরবর্তী ধাপসমূহ

এই বিষয়টি জেনে রাখা গুরুত্বপূর্ণ যে এমন কিছু শিক্ষাদানের প্রচেষ্টা ও কৌশল রয়েছে যা এসব দক্ষতা গড়ে তুলতে সাহায্য করতে পারে। একটি ডায়াগনোসিস করানোর ফলে (স্কুলগুলো এটিকে শনাক্তকরণ বলে থাকে) স্কুলে শিশুদের জন্য সহায়তা ও পরিষেবা পাওয়া যেতে পারে। শেখার অক্ষমতা রয়েছে এমন প্রাপ্তবয়স্ক ব্যক্তির কর্মস্থলে সুযোগ-সুবিধা পেতে পারেন।

সঠিক সাহায্য ও সহায়তা পাওয়া শেখার অক্ষমতার শিকার হওয়া ব্যক্তিদেরকে স্কুলে, কর্মস্থলে, এবং নিজেদের কমিউনিটিতে সফল হওয়ার সুযোগ দেয়।

বাবা-মা ও পরিচর্যাকারী: কীভাবে স্কুলে বিনামূল্যে মূল্যায়নের জন্য অনুরোধ করতে হবে সে সম্পর্কে আরো জানুন।

শিক্ষকরা: স্কুলে ব্যবহৃত সাধারণ সুযোগ-সুবিধা ও পরিবর্তনগুলো সম্পর্কে জানুন।

প্রাপ্তবয়স্ক ব্যক্তি এবং নিয়োগকর্তা: কর্মস্থলের সুযোগ-সুবিধাগুলো সম্পর্কে জানুন।

লেখক

ট্রিনিয়া কাউফম্যান, MS, Understood-এর সম্পাদনামূলক গবেষণা বিষয়ক সিনিয়র ম্যানেজার। তিনি একজন প্রাক্তন শিক্ষক এবং দেশব্যাপী শিক্ষা সম্মেলনগুলোতে বক্তব্য উপস্থাপন করে থাকেন।

পর্যালোচক

এলেন ব্র্যাটেন, PhD, ম্যাসাচুসেটস জেনারেল হাসপাতালে LEAP -এর ডিরেক্টর।